184

ভোরের কাগজ

তারিখ 24 APR 1998

পৃষ্ঠা ৪ কলাম ৭

# আর কতোবার পরীক্ষা পিছাবেন

আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৪ সালের মাষ্টার্স (সনাতন) পরীক্ষার্থী। ১৯৯৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্স পাস করার পর প্রথমে আমরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে মাষ্টার্স ভর্তি হই এবং আমাদের পরীক্ষার তারিখ নির্ধারিত হয় ১৯৯৭ সালের ৬ মে। পরবর্তী সময়ে আমাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্তর্ভুক্ত করা হয় এবং আমাদের পরীক্ষার তারিখ নির্ধারিত হয় ১৯৯৮ সালের ২৫ ফেব্রুয়ারি। বিশ্ববিদ্যালয়সমূহের পরীক্ষার তারিখ সাধারণত পরীক্ষা শুরুর এক মাস আগে পরীক্ষার্থীদের জানিয়ে দেওয়া হয়। কিন্তু এই ক্ষেত্রে পরীক্ষার্থীদের পরীক্ষা পিছানোর আন্দোলন করার সুযোগ দেওয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষার রুটিন পরীক্ষা শুরুর ১৫/২০ দিন আগে কলেজসমূহে প্রেরণ করে। ফলে স্বাভাবিকভাবেই ছাত্রছাত্রীরা পরীক্ষা পিছানোর আন্দোলন করে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষার তারিখ ২০ এপ্রিল পুনঃনির্ধারণ করে। ২০ এপ্রিল পরীক্ষা দেওয়ার জন্য আমরা যখন প্রস্তুতি নিচ্ছি তখনই ২ এপ্রিল ভোরের কাগজসহ অন্যান্য জাতীয় দৈনিকের মাধ্যমে আমরা জানতে পারি যে, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ 'অনিবার্য কারণবশত' ২০ এপ্রিলের পরীক্ষা স্থগিত ঘোষণা করেছে এবং চতুর্থবারের মতো আমাদের পরীক্ষার তারিখ ১৮ মে পুনঃনির্ধারিত হয়েছে। এখন ১৮ মে'তেও যে পরীক্ষা অনুষ্ঠিত হবে তারও কোনো নিশ্চয়তা নেই। এভাবেই বারবার পরীক্ষার তারিখ পরিবর্তনের ফলে আমরা ছাত্রছাত্রীরা মানসিকভাবে এবং আমাদের অভিভাবকরা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

তাই ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আমাদের বিনীত নিবেদন এই যে, ১৮ মে অনুষ্ঠিতব্য পরীক্ষার তারিখ যেন আর পরিবর্তন না করা হয় এবং আমাদের পরীক্ষার রুটিন যেন অবিলম্বে আমাদের জানিয়ে দেওয়া হয়। আমরা আমাদের মূল্যবান সময় আর এইভাবে অপচয় করতে চাই না।

শিল্পী
মোঃ আব্দুল করিম
এম এইটিআই
শম্ভুগঞ্জ, ময়মনসিংহ।